

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০২

জানুয়ারী ১৭, ২০১০
তারিখ :-----
মাঘ ০৪, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী জাহাজ নির্মাণ শিল্পে গ্যারান্টি/এলসি'র বিপরীতে কমিশন ধার্য করা প্রসংগে।

বিশ্ববাজারে রপ্তানিমুখী জাহাজের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষাপটে বাংলাদেশে এ শিল্পের প্রসারের মাধ্যমে রপ্তানি আয় বৃদ্ধির পাশাপাশি ব্যাপক কর্মসংস্থান তথা দারিদ্র বিমোচনের সুযোগ রয়েছে। সম্ভাবনাময় এ শিল্পকে সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(১) জাহাজ প্রস্তুতপূর্বক রপ্তানির নিমিত্তে বিদেশী আদেশ দাতা/ ক্রেতার নিকট হতে অগ্রিম প্রাপ্তির সুবিধার্থে দেশীয় ব্যাংকসমূহ কর্তৃক গ্যারান্টির বিপরীতে বিদেশস্থ ব্যাংকের Add Confirmation চার্জ এর অতিরিক্ত যে Commission দেশীয় ব্যাংকসমূহ কর্তৃক ধার্য করা হয় তা বাৎসরিক ১.৫০% এর অধিক আদায় করা যাবে না।

(২) ডিসেম্বর ২২, ২০০৯ তারিখে জারীকৃত Master Circular on Schedule of Charges সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং ১৯ এর ২(৬) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা এ শিল্পের নিমিত্তে এলসি খোলার ক্ষেত্রেও অনুসরণীয় হবে। এক্ষেত্রে, সাইট এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৪০%, ডেফার্ড/ইউজান্স (usance) এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৫০%, ১০০% নগদ মার্জিনে এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.২৫% এবং ব্যাক টু ব্যাক এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ ০.৪০% নির্ধারিত রয়েছে এবং কোন অবস্থাতেই এলসি খোলার কমিশন বাৎসরিক ২% এর বেশী ধার্য করা যাবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫